

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮৩৪

অমরপুর, ০৯ ফেব্রুয়ারি, ২০২৪

অমরপুর মহকুমা হাসপাতালে ৫০ শয্যাবিশিষ্ট ফিল্ড হাসপাতালের উদ্বোধন

রাজ্যে মেডিক্যাল হাব গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে : মুখ্যমন্ত্রী

রাজ্যে উন্নত স্বাস্থ্য পরিষেবা প্রদানে বর্তমান সরকার আন্তরিক প্রয়াস নিয়েছে। এই লক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তিক জনপদে পরিকাঠামো নির্মাণ ও উন্নত স্বাস্থ্য পরিষেবা প্রদানকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। আজ অমরপুর মহকুমা হাসপাতালে ৫০ শয্যাবিশিষ্ট ফিল্ড হাসপাতাল ও ৩টি কমপ্লেক্সের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে মেডিক্যাল হাব গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। বহিরাঙ্গের বিনিয়োগকারীরা রাজ্যে চিকিৎসা পরিষেবায় বিনিয়োগে আগ্রহী হচ্ছেন। চিকিৎসা পরিষেবার মান উন্নয়নেও সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। জেলা, মহকুমা, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও সামাজিক স্বাস্থ্যকেন্দ্রগুলির পরিষেবার মানও উন্নত করা হচ্ছে। প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা থেকে বাদ পড়েছেন এমন ৪ লক্ষ ৭৫ হাজার পরিবারকে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতায় নিয়ে আসা হবে। সম্প্রতি মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। চলতি অর্থবছরের বাজেটে এই যোজনা রাজ্যে চালু করার প্রস্তাব গৃহীত হয়েছিল। এই যোজনায় রাজ্য সরকার প্রতি বছর ৫৯ কোটি টাকা ব্যয় করবে। আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে রাজ্যে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার সূচনা হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আরও বলেন, রাজ্যের সার্বিক বিকাশে বর্তমান সরকার পরিকল্পনা নিয়ে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করছে। স্বাস্থ্য পরিষেবার উন্নত পরিকাঠামো গড়ে তোলার পাশাপাশি স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণেও গুরুত্ব দেওয়া হয়েছে। রাজ্যে ডেন্টাল ও নার্সিং কলেজ চালু করা হয়েছে। তাছাড়া যোগাযোগ, শিক্ষা, কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্র এবং শিল্পের বিকাশে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। সার্বমে মৈত্রী সেতু ও আগরতলা আখাউড়া রেল সংযোগ চালু হলে রাজ্যের উন্নয়নের পথ আরও সুগম হবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী হাসপাতালের পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখার উপর গুরুত্ব আরোপ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক অভিষেক দেবরায়, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মন্টি দেবনাথ রুদ্রপাল, অমরপুর বিএসির চেয়ারম্যান রবিন্দ্র জমাতিয়া, অমরপুর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. সুপ্রিয় মল্লিক প্রমুখ।

\*\*\*\*\*